

Subject Bengali

2nd language

Worksheet

Class-3

কবিতা

মজার মুল্লুক

কবি

যোগীন্দ্রনাথ সরকার ।

কবিতার সারসংক্ষেপ-

বিখ্যাত শিশু সাহিত্যিক যোগীন্দ্রনাথ সরকার মজার মুল্লুক কবিতাটি লিখেছেন। এটি একটি মজার কবিতা। কবি চোখ বন্ধ করে একটি আজব দেশে কল্পনা করেছেন। যেখানে সব অবাক করার ঘটনা ঘটতে থাকে। মজার মুল্লুক কবিতাটিতে দিনের বেলা চাঁদের আলো আর রাত্ৰিতে সূর্যের কিরণ দেখা যায়। আকাশের রং সবুজ আবার গাছের পাতার রং নীল অর্থাৎ এককথায় বলা যায় কবির এই স্বপ্নের দেশে সবকিছু উল্টো যার সাথে আমাদের পৃথিবীর কোন মিল নেই। এখানে ডাঙ্গায় রুই-কাতলা জাহাজ থাকে। জলের মাঝে চিল পাখিটি থাকে। আরো অনেক মজার ঘটনা সবই অবিশ্বাস্য অর্থাৎ বিশ্বাস করা

যায় না এবং অবাস্তব। সেই দেশে আবার বিড়াল নেংটি
ইঁদুরের ভয়ে পালিয়ে যায় আর ছেলেরা রসগোল্লা রেখে
ক্যাস্টর অয়েল খেতে থাকে। ক্যাস্টর অয়েল এক জাতীয়
তেল। সেই দেশেতে মন্ডা মিঠাই অর্থাৎ মিষ্টি তেতো এবং
সেখানকার মানুষদের ওষুধ ভালো লাগে ওষুধ খুব মিষ্টি।
সেখানে যখন অন্ধকার তখন সব সাদা দেখায় আর যখন
সাদা তখন সব জিনিস কালো দেখায়। সেখানকার ছেলেরা
খেলা ছেড়ে বই নিয়ে পড়াশোনা করে এবং ঘোড়া মুখে
লাগাম দিয়ে লোকের পিঠে চড়ে বসে। আরো মজার ঘুড়ির
হাতে বাঁশের লাটাই থাকে আর সুতোয় বাঁধা ছেলেটি
উড়তে থাকে। পুকুরে মাছ ধরার বদলে মাছেরই ছিপ ফেলে
বড়শীতে মানুষ গেঁথে। আবার জিলিপি এসে অর্থাৎ দৌড়ে
এসে কামড় দিতে চায় আর কচুরি রসগোল্লাগুলো ছেলে
ধরে খায়। লোকেরা সেই দেশে ছাতা মাথায় দেয় না পায়ে
দিয়ে হাতে হেঁটে চলে বেড়ায়। এই মজার দেশে ডাঙ্গায়
নৌকা জাহাজ ভাসে আর গাড়ি জলে ছোটে। মজার মুল্লুক
কবিতায় কবি বলেছেন আর কত মজার কথা
বলবেন। এইসব মজার ঘটনা যে দেশে ঘটে সেই দেশে চোখ
খুললে কিছুই দেখা যায় না কিন্তু চোখ মুদলে অর্থাৎ বন্ধ
করলে সেই দেশের সব অদ্ভুত ঘটনা পরিষ্কার দেখা যায়।

ক) কবিতার অর্থ বোঝার সুবিধার জন্য কবিতা থেকে শব্দার্থ গুলি দেওয়া হল।

বরণ- রং।

মন্ডা -মিষ্টি।

মুদলে -বন্ধ করলে।

পরিষ্কার- স্পষ্ট।

ডাঙ্গা- স্থলভাগ বা নদীর পাড়।

নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

১)চাঁদের আলো দেখা যায় রাতেই বা সেখানে কেমন হয়

২) বিড়াল কাকে দেখে পালায়? ৩)কবিতায় মজার দেশের খাবার গুলো কি করে ?

৪) কাকে চোখ খুললে আর দেখা যায় না চোখ বন্ধ করেই বা কি দেখা যায়?

৫)ফাঁকা জায়গায় শব্দ বসাও।

এক যে আছে__ সব রকমের__।

রাতিরেতে__ দিনে__

আকাশ__ বরণ__ পাতা নীল।

৬)সঠিক শব্দ বেছে নিয়ে লিখ।

ক) আকাশে সেথায় (হলুদ /লাল /সবুজ) ।

খ/গাছের পাতা (সবুজ/ নীল) ।

গ) কচুরি আর (পাকুয়া/ চমচম/ রসগোল্লা) ছেলে ধরে
থায় ।

নীচের শব্দগুলির অর্থ লেখ।

বেজায়

চরে

মাঝে

ছিপ

মিঠাই

মজা

বাড়ির কাজ:

অনুশীলনী থেকে

২)খ)নীচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করো।

ঙ) সঠিক উত্তরের পাশে(টিক)চিহ্ন দাও।

চ) নিচের শব্দগুলির লিঙ্গ পরিবর্তন করো।
